

এনসিসি এডুকেশনের 'অ্যাওয়ার্ড' প্রাপ্তি উপলক্ষে ডিআইআইটিতে অনুষ্ঠান

ডেফেন্স ইনস্টিটিউট অফ আইটি (ডিআইআইটি) সম্প্রতি এনসিসি এডুকেশন (ইউকে) কর্তৃক সারা বিশ্বে ৩৫০টি সেন্টারের মধ্যে বেস্ট পার্টনার অ্যাওয়ার্ড পুরস্কার অর্জন করেছে। ডিআইআইটির এই গৌরবজনক প্রাপ্তিতে গত ৬ নভেম্বর খানাব জামান ক্যাম্পাস অডিটোরিয়ামে একটি সেলিব্রেশন অনুষ্ঠানের আয়োজন করা হয়। ডিআইআইটির একাডেমিক ডিরেক্টর মোহাম্মদ নুরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান ও ইনফরমেশন এন্ড কমুনিকেশন টেকনোলজি মন্ত্রণালয়ের সচিব কারার মাহমুদুল হাসান এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি ও ডেফেন্স ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও ডিআইআইটির চেয়ারম্যান মোঃ সবুর খান। এছাড়াও সরকারি ও বেসরকারি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এই কোর্সের সফল বই ও সিলেবাস যুক্তরাজ্য থেকে সরবরাহ করা হয়। তাছাড়া এই কোর্সগুলোর ফাইনাল পরীক্ষা হয় ব্রিটিশ কাউন্সিলে। বিজ্ঞাপ্তি।

প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী সকলকে আইটিতে যত্নবান হওয়ার পরামর্শ দেন। তিনি দেশের এবং বিদেশের আইটি ক্ষেত্রে তুলনামূলক পার্থক্য পর্যালোচনা করেন। তিনি বলেন, দেশে এখন ব্যাক্তের হাজার মতো গজিয়ে উঠেছে অসংখ্য আইটি ফার্ম। এর মধ্যে মানসম্পন্ন ট্রেনিং দিতে পারছে কয়জন? তিনি ডিআইআইটির বিভিন্ন ট্রেনিং কার্যক্রমের জুয়সী প্রশংসা করেন। বিশেষ অতিথি কারার মাহমুদুল হাসান বর্তমান সরকারের সায়েঙ্গ এবং আইসিটি বিষয়ের কার্যক্রমের বর্ণনা দেন। তিনি ই-গভর্নেন্স নিয়ে বর্তমান সরকারের কার্যকরি পদক্ষেপের বর্ণনা দেন।

অনুষ্ঠানে সবুর খান ডিআইআইটির ছাত্রদের বিভিন্ন কার্যক্রমের বর্ণনা দেন। তিনি অন্যান্য আইটি প্রতিষ্ঠানের সঙ্গে ডিআইআইটির মানের তুলনামূলক পার্থক্য তুলে ধরেন এবং প্রশিক্ষণের পর সফল ছাত্রছাত্রীদের চাকরির ব্যাপারে সফল প্রকার সহায়তার নিশ্চয়তা দেন। অনুষ্ঠানের সভাপতি জনাব জামান আইটি ক্ষেত্রে সকল কার্যক্রম পরিচালনার জন্য সরকারের সহযোগিতা কামনা করেন।

বিশ্বে ৩৫০টি সেন্টারের মধ্যে ডিআইআইটি সর্বোচ্চ ছাত্রছাত্রী সংখ্যা ও মানসম্পন্ন শিক্ষা বাস্তবায়নের জন্য এই পুরস্কার অর্জন করেছে। ডিআইআইটির এই কোর্সগুলো আন্তর্জাতিক মানসম্পন্ন।

ব
ও
র
ব
ে